

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্প  
পরিসংখ্যান ভবন (৭ তলা, ব্লক-১) ই-২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)

নং: ৫২.০১.০০০০.৫০৩.৯৯.০২৭.২২.২৯৫

তারিখ: ৩০ মে, ২০২৩

## কোটেশন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্তৃক বাস্তবায়নধীন 'স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম' শীর্ষক প্রকল্পের আওতায় বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয়/সংগ্রহের জন্য প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক কোটেশন আহ্বান করা যাচ্ছে:

### শর্তাবলি:

- ০১। বিস্তারিত বিবরণ সম্বলিত কোটেশন সিডিউল প্রকল্প পরিচালক, স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্প, পরিসংখ্যান ভবন (৭ তলা, ব্লক-১), ই-২৭/এ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭-এর দপ্তর হতে ৩১/০৫/২০২৩ থেকে ০৮/০৬/২০২৩ খ্রি. তারিখ বেলা ১১:০০ টা পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে (সরকারি ছুটির দিন ব্যতীত)।
- ০২। কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সর্বশেষ ০৮/০৬/২০২৩ খ্রি. তারিখ বেলা ১২:০০ টা পর্যন্ত জমা প্রদান করা যাবে এবং ০৮/০৬/২০২৩ খ্রি. তারিখ দুপুর ০২:০০ টার পরবর্তী সময়ে দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটির সদস্যবৃন্দের উপস্থিতিতে প্রাপ্ত কোটেশন উন্মুক্তকরণ ও মূল্যায়ন করা হবে।
- ০৩। কোটেশনের সাথে হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, টিআইএন সনদ, ব্যাংক সলভেনসি সনদ ও ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্রের কপি দাখিল করতে হবে।
- ০৪। কার্যাদেশ প্রাপ্তির অনূর্ধ্ব ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে কোটেশনে বর্ণিত মালামাল সরবরাহ করতে হবে।
- ০৫। সরবরাহকৃত মালামাল 'স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম'-এর যাচাই ও গ্রহণ কমিটি কর্তৃক স্পেসিফিকেশন অনুযায়ী গ্রহণ করা হবে।
- ০৬। কৃতকার্য দরদাতার সাথে ক্রয়কারী কর্তৃপক্ষের পক্ষে প্রকল্প পরিচালক সম্মতির চুক্তিপত্র স্বাক্ষর করবেন যাতে মালামাল সরবরাহ সংক্রান্ত শর্তাবলী বিস্তারিত উল্লেখ থাকবে যা উভয়পক্ষ কর্তৃক প্রতিপালিত হবে।
- ০৭। ইচ্ছুক দরদাতা প্রতিষ্ঠান একটি কোটেশন দলিলে বিকল্প দর প্রদান করতে পারবে না।
- ০৮। প্রচলিত হারে আয়কর, ভ্যাট, ইত্যাদি কর্তনপূর্বক প্রকল্প পরিচালক, স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্পের দপ্তর থেকে ইস্যুকৃত চেকের মাধ্যমে দাবিকৃত বিল (বরাদ্দ থাকা সাপেক্ষে) পরিশোধ করা হবে। এজন্য মালামাল সরবরাহ সংক্রান্ত ২ (দুই) কপি চালান ও বিল (মূল কপি) দাখিল করতে হবে।
- ০৯। কোনো প্রকার কারণ প্রদর্শন ছাড়াই যে কোনো কোটেশন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

মো. আলমগীর হোসেন  
প্রকল্প পরিচালক  
ফোন: ০২-৫৫০০৭০৫৫  
ইমেইল: [pd.svrs@bbs.gov.bd](mailto:pd.svrs@bbs.gov.bd)

### বিতরণ সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিবিএস-এর ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭ (বিজ্ঞপ্তিটি বিসিসি'র নোটিস বোর্ডসহ ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। সভাপতি, দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি, স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্প, বিবিএস।
- ০৪। সদস্য-সচিব/সদস্য (সকল), দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি, স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্প, বিবিএস।
- ০৫। চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফাইন্যান্স অফিসার, চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফাইন্যান্স অফিসারের কার্যালয়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৬। অফিস নোটিস বোর্ড, পরিসংখ্যান ভবন (নিচ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ০৭। হিসাব শাখা, স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্প, বিবিএস, ঢাকা।
- ০৮। সরবরাহযোগ্য ফর্ম: .....
- ০৯। অফিস কপি।